

তারিখ: ০২/০৮/২০২৩ খ্রি.

**২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস ও অনার্স) ১ম বর্ষের শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের জন্য  
২০২৩-২৪ অর্থবছরে অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**


রাঙ্গামাটি সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস ও অনার্স) ১ম বর্ষে নিয়মিতভাবে ভর্তিকৃত ও অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদান করা হবে। অগ্রহী শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক <http://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে নিম্নোক্ত কাগজপত্র আপলোড করে আগামী ০৭/০৮/২০২৩ থেকে ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল। এছাড়া সিস্টেম ব্যবহার করে প্রিন্টকপির যথাস্থানে প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করতে হবে। আবেদনের প্রিন্ট কপি ১(এক) সেট অবশ্যই শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে। ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণ করতে হবে অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

**সেসকল কাগজপত্র প্রয়োজন হবে:**

- ১। শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়নরত প্রত্যয়নপত্র;
- ২। শিক্ষার্থীর সর্বশেষ উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র;
- ৩। অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম মর্মে প্রত্যয়নপত্র ;
- ৪। প্রতিবন্ধী, এতিম, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান শিক্ষার্থীর ক্ষেত্রে- অগ্রাধিকার প্রাপ্তি স্বপক্ষে প্রমাণপত্র;
- ৫। জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩-২০ গ্রেডভুক্ত কর্মচারী সন্তানদের ক্ষেত্রে- পিতা/মাতার অফিস প্রধান কর্তৃক প্রদত্ত বেতন ও গ্রেড সংক্রান্ত প্রত্যয়নপত্র;
- ৬। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
- ৭। শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদ (১৭ ডিজিট বিশিষ্ট);
- ৮। শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম ( রাউটিং নম্বর উল্লেখ করতে হবে)।

  
(প্রফেসর ডুয়ার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
০২/০৮/২৩